



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা



...

সভাপতি	মোহাম্মদ এমদাদুল বারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০২-১১-২০২২ ইং
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	বোর্ডের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট"ক"

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। তিনি আরও বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকগণকে সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে লিখিত প্রতিশ্রুতিই হল সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার। সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি। একটি প্রতিষ্ঠানের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা সিটিজেনস্ চার্টারে বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারের দায়বদ্ধতা, স্বচ্ছতা ও সেবা প্রদানের মানসিকতা নিশ্চিত করে। সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

০২। রেশম উন্নয়ন বোর্ডের ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাসির উদ্দীন বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সেবা রেশম চাষীদের দোরগোড়ায় পৌঁছাতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য কর্মকর্তা-কর্মচারীদের সচেতন ও মানষিকতার বিকাশ ঘটাতে হবে।

০৩। সভায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর বাস্তবায়ন এর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পরিশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক) রেশম উন্নয়ন বোর্ডের সিটিজেনস্ চার্টার এর সেবাসমূহ রিভিউ করে ১৫ ডিসেম্বর/২০২২ এর মধ্যে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

০৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক মনিটরিং/সহকারী পরিচালক (প্রশাসন / কমন সার্ভিস) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৫) বাজেট কর্মকর্তা, হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
- ৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, পাট-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়। সদয় অবগতির জন্য।
- ৮) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)